

## 📖 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১০

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ অমুক নক্ষত্রের কারণে বৃষ্টি পেয়েছি বলা কুফরি

আরবী

10- عن زيد بن خالد الجهني - رضي الله عنه - أنه قال: صلى لنا رسول الله صلى الله عليه وسلم صلاة الصبح بالحديبية - على إثر سماء كانت من الليلة - فلما انصرف أقبل على الناس فقال: « هل تدرون ماذا قال ربكم؟ » قالوا: الله ورسوله أعلم، قال: «أصبح من عبادي مؤمن بي وكافر، فأما من قال: مُطَرْنَا بِفَضْلِ اللَّهِ وَرَحْمَتِهِ، فذلك مؤمنٌ بي وكافرٌ بالكواكب وأما من قال: بنوء كذا وكذا، فذلك كافرٌ بي ومؤمنٌ بالكواكب » . (خ، م، د، ن) صحيح

বাংলা

১০. য়ায়েদ ইবনু খালেদ আল-জুহানি রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিয়ে হুদায়বিয়ায় ফজর সালাত আদায় করলেন রাতের বৃষ্টি শেষে,[1] যখন সালাত শেষ করলেন লোকদের দিকে ফিরলেন এবং বললেন: “তোমরা কি জান তোমাদের রব কি বলেছেন?” তারা বলল: আল্লাহ ও তার রাসূল ভালো জানেন। তিনি বলেছেন: “আমার কতক বান্দা ভোর করেছে আমার ওপর ঈমান অবস্থায়, আর কতক বান্দা ভোর করেছে আমার সাথে কুফরি অবস্থায়। অতএব যে বলেছে: আমরা আল্লাহর অনুগ্রহ ও দয়ায় বৃষ্টি লাভ করেছি, সে আমার ওপর বিশ্বাসী ও নক্ষত্রের (প্রভাব) অস্বীকারকারী। আর যে বলেছে: অমুক অমুক নক্ষত্রের কারণে, সে আমাকে অস্বীকারকারী ও নক্ষত্রে বিশ্বাসী”। [বুখারি, মুসলিম, আবু দাউদ ও নাসায়ি], হাদিসটি সহিহ।

ফুটনোট

[1] অর্থাৎ সে রাতে বৃষ্টি হয়েছিল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21324>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন